দেশের জন্য শেখ হাসিনা আল্লাহর বড় নেয়ামত : শেখ আফিল এমপি

চেম্বার ডেস্ক:: সংসদ সদস্য আলহাজ¦ শেখ আফিল উদ্দিন বলেছেন, দেশের জন্য শেখ হাসিনা আল্লার বড় নেয়ামত। সারা পৃথিবীর মানুষ যখন মহামারী করোনাভাইরাসে বাচার জন্য হাসফাস করছে তখন আমাদের দেশের প্রধানমনত্রী শেখ হাসিনা অত্যন্ত বুদ্ধিমত্তার সাথে বিদেশের সাথে সুসম্পর্ক তৈরী করে আল্লার রহমতে অতিদ্রুত কোভিড-১৯ ভ্যাকসিনের টিকা আমদানি করতে সক্ষম হয়েছেন। আর সেই টিকা আমরা এখন নিজ নিজ এলাকায় বসে যেন নিতে পারি সে ব্যবস্থাও তিনিই করছেন। বাংলাদেশের নাগরিক হয়ে আমরা গর্বিত।

আজ রোববার দুপুর ১২টায় শার্শা উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের আয়োজনে নিজস্ব হলরুমে সারা দেশের ন্যায় করোনা প্রতিরোধে গণ-ভ্যাকসিন টিকা প্রদানের অংশ হিসাবে যশোরের শার্শায় কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রমের শুভ উদ্বোধনী অনুষ্ঠানের উপজেলা স্বাস্থ্য কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাক্তার ইউসুফ আলীর সঞ্চালনায় অন্যান্যের মাঝে আরো উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সিরাজুল হক মঞ্জু, উপজেলা নির্বাহী কর্মকর্তা পুলক কুমার মন্ডল, জেলা পরিষদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক অধ্যক্ষ ইব্রাহিম খলিল, বিশিষ্ট ব্যবসায়ী মোকলেসুর রহমান মুকুল, সাবেক ভাইস চেয়ারম্যান আওয়ামীলীগ নেতা আসাদুজ্জামান বাবলু, মুক্তিযোদ্ধা কমান্ডার মোজাফ্ফার হোসেন, শার্শা থানার ওসি (তদন্ত) তারিকুল ইসলাম, উপজেলা আওয়ামী যুবলীগের সাধারন সম্পাদক ও ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, উপজেলা ছাত্রলীগ সভাপতি আব্দুর রহিম সরদার, ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোরাদ হোসেন প্রমুখ।

শার্শায় ভ্যাকসিন পেতে এ পর্যন্ত রেজিষ্ট্রেশন করেছেন ৯২২জন। যার মধ্যে আজ রোববার দিনব্যাপী স্বাস্থ্য কমপে¬ক্সের ৩টি কেন্দ্রে

৬০জনকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হয়েছে বলে জানান উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাক্তার ইউসুফ আলী। উদ্বোধনী অনুষ্ঠানে প্রথমেই টিকা নেন স্বাস্থ্য কমপে¬ক্সের সিনিয়র স্টাফ নার্স ফারহানা সুলতানা ও সহকারী ডাক্তার মশিউর রহমান।